ভোলার দৌলতখানে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সন্ত্রাসী হামলা

মো: আরিফ:: ‎ভোলা দৌলতখান উপজেলার উত্তর জয়নগর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সন্ত্রাসী হামলায় ৭ জন আহত হয়েছেন। ৩১ মার্চ রোজ সোমবার সন্ধ্যা ৭টির দিকে এই ঘটনা ঘটে । ‎
‎এ ঘটনায় গুরুতর আহত হয়েছেন মোসাঃ মনি বেগম(৩৫), মোঃ সাগর(২০), দৌলতখান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে এবং
‎মোঃ এমরান, শরীফ উদ্দিন, মাসিম, রাব্বি, রুনু বেগমসহ আহত ব্যক্তির দৌলতখান উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।
‎
‎স্থানীয় প্রত্যক্ষদর্শী ও আহতরা জানান ইদ্রিস মালের নেতৃত্বে বে-আইনী জনতাবদ্বে দেশি অস্ত্র সজ্জিত হইয়া হত্যার উদ্দেশ্যে
মনি বেগমকে মাথায় আঘাত করে ও উপরোক্ত ব্যক্তিদের ওপর
এলোপাথারি হামলা চালায় মোবাইল ও নগদ টাকা ছিনতাই করে নিয়ে যায়। পরে স্থানীয় লোকজন ঘটনাস্থলে এসে আহতদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়। এ ঘটনায় দৌলতখান থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়।
‎
‎এবিষয়ে তদন্তকারী কর্মকর্তা উপঃ সহকারী পুলিশ পরিদর্শক মোঃ সালেহ উদ্দিন কাওছার ঘটনাস্থল পরিদর্শক পরিদর্শন করেছেন ও প্রয়োজনীয় আলামত সংগ্রহ করেছেন।
‎
‎দৌলতখান থানার অফিসার ইনচার্জ জিল্লুর রহমান জানান, ‘এ ঘটনায় লিখিত অভিযোগ পেয়েছি। ঘটনার তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।’
‎